# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০২.০০০০.৩১২.৯৯.০০৭.২২- ৭৪

তারিখ:২৮/০৭/২০২২

বিষয়ঃ এলজিইডি'র ইনোভেশন টিম-এর জুলাই মাসের সভার কার্যবিবরনী।

| | | |
|---|---|---|
| সভার তারিখ | : | ১৮ জুলাই ২০২২ ইং |
| সভার সময় | : | ০৩:০০ ঘটিকা। |
| স্থান | : | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)-এর কার্যালয়, লেভেল-৬, এলজিইডি ভবন, এলজিইডি। |
| উপস্থিতি | : | সংযুক্তি-১ |

এলজিইডি'র ইনোভেশন টিম-এর জুলাই মাসের সভা বিগত ১৮/০৭/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জনাব প্রকাশ চন্দ্র বিশ্বাস। সভার শুরুতে এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার স্বাগত বক্তব্য প্রদান করেন। ইনোভেশন টিম-এর সদস্য-সচিব নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জনাব মোঃ মাহবুব আলম সভার এজেন্ডাসমূহ উপস্থাপন করেন। ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যগণ উক্ত সভায় উপস্থিত ছিলেন। এই সভাতে নিম্নবর্ণিত এজেন্ডাগুলো নিয়ে আলোচনা করা হয় এবং এই এজেন্ডাগুলো বাস্তবায়নে বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | এলজিইডি'র ইনোভেশন টিম-এর জুন মাসের সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি বিষয়ক আলোচনা | এলজিইডির তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় উপস্থিত সকলকে জানান যে, ইনোভেশন টিম-এর বিগত জুন মাসের সভায় চার (০৪) টি সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত গুলো হলো-<br>১. এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্তে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে চিঠি প্রেরণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করা।<br>২. এলজিইডি'র ইনোভেশন টিম কর্তৃক অতি শীঘ্রই আই-ল্যাব (i-Lab) এর গৃহীত ইনোভেশন কার্যক্রম পরিদর্শন করা।<br>৩. মোঃ আমিরুল ইসলাম খান, প্রকল্প পরিচালক (জিডিপি-৩) এবং (২) রকিবুল হাসান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) কে বর্তমান ইনোভেশন টিমে Co-opt করা।<br>৪. গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলের নির্বাহী প্রকৌশলী মোঃ মাহবুব আলম কে ইনোভেশন টিমের সদস্য-সচিব হিসেবে কাজ করার জন্য দায়িত্ব অর্পণ করা।<br>তিনি আরো জানান যে, ইতোমধ্যে চার (০৪) টি সিদ্ধান্তের মধ্যে তিন (০৩) টি সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে।<br>নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্তে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে চিঠি প্রেরণের জন্য গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল ইতোমধ্যে একটি খসড়া পত্র ও খসড়া নির্দেশিকা প্রণয়ন হয়েছে।<br>সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন শাখা) জনাব সোহানা পারভীন জানান যে, ২০২২-২০২৩ অর্থবছর থেকে জেলা পর্যায়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) তে বাধ্যতামূলকভাবে জেলা পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন | ১. এলজিইডি'র প্রত্যেক জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্তে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে চিঠি প্রেরণের জন্য প্রণয়নকৃত পত্র ও নির্দেশিকা অতি দ্রুত প্রেরণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, জেলা পর্যায়ে এই ইনোভেশন টিম গঠন করা হলে মাঠ পর্যায়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অনেক সহজ হবে। এই পর্যায়ে তিনি ইনোভেশন টিম-এর অন্যান্য সদস্যদের থেকে জেলা কার্যালয়ে ইনোভেশন টিম গঠনের নিমিত্তে প্রধান প্রকৌশলীর স্বাক্ষরে চিঠি প্রেরণের জন্য গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল কর্তৃক প্রস্তুতকৃত খসড়া পত্র ও খসড়া নির্দেশিকা সম্পর্কে মতামত জানতে চান ।<br>নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বর্তমানে খসড়া নির্দেশিকায় জেলা পর্যায়ে ইনোভেশন টিমের ০৩ (তিন) সদস্য বিশিষ্ট কমিটি তৈরি করার কথা বলা হয়েছে। কিন্তু এর পরিবর্তে ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি তৈরি করা যেতে পারে। ফলে ইনোভেশনের কাজ সম্পর্কে যাদের একটু আগ্রহ আছে তারা যেন এই কমিটি আসতে পারে এবং একটি জোরালো ভূমিকা রাজতে পারে।<br>এই সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এই কমিটির সদস্য নির্ধারণের জন্য কোন নিদিষ্ট গাইডলাইন আছে কিনা তা জানতে চাইলে সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন শাখা) বলেন যে, এই কমিটির সদস্য নির্ধারণের জন্য কোন নিদিষ্ট গাইডলাইন নেই।<br>এর প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জেলা পর্যায়ে ইনোভেশন টিমের, জেলা পর্যায়ের ইনোভেশন টিম ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট করার ব্যাপারে প্রস্তাব করেন। ইনোভেশন টিম এই প্রস্তাবে একমত পোষণ করে এবং অতি দ্রুত প্রণয়নকৃত পত্র ও নির্দেশিকা প্রেরণের জন্য উদ্যোগ গ্রহণের জন্য তাগাদা প্রদান করে । | | |
| ২. | ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার সভায় সকলকে জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের মধ্যে এটি বাস্তবায়ন করতে হবে।<br>সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) জনাব রকিবুল হাসান বলেন যে, অর্থবছরের শুরুতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের একটি অ্যাকশান প্ল্যান তৈরি করা হলে খুব সহজে কাজগুলো বাস্তবায়ন করা করা যাবে।<br>সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন শাখা) বলেন যে, ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় কর্মসম্পাদন সূচকের মানের যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দেয়া আছে তার মধ্যে থেকে অসাধারণ সূচকের মান কে ভিত্তি ধরে অ্যাকশান প্ল্যান তৈরি করার প্রস্তাব দেন। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করে। | ২.১। গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেলকে ২০২২-২৩ অর্থবছরের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য অ্যাকশান প্ল্যান তৈরির উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |
| | | নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক অনুযায়ী আলোচনা করলে খুব তাড়াতাড়ি বাস্তবায়নের ব্যাপারে সিদ্ধান্ত ও অ্যাকশান প্ল্যান তৈরি করা যাবে। ইনোভেশন টিমের অন্যান্য সদস্য এর সাথে একমত পোষণ করলে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন | | |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | অফিসার কর্মসম্পাদন সূচক অনুযায়ী আলোচনা করেন। | | |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [১.১.১] সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িতঃ</u><br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, বিগত কয়েক বছরে ইনোভেশন টিম সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য বেশ কয়েকটি Software তৈরি করেছে। তবে এই বছরে Software বিষয়ক বা অন্য কোন ভাবে এই সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের করা যায় কিনা সে ব্যাপারে সবার মতামত জানতে চান।<br><br>নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, ২০১৯ সালে গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল এলজিইডির সকল স্তরের কর্মকর্তাদের কাছে গবেষণা করার জন্য উদ্ভাবনী ধারণা দেওয়ার করার জন্য চিঠি প্রদান করে। তার মধ্যে থেকে খুব কম সংখ্যক কর্মকর্তা এই চিঠির উত্তর প্রদান করে। তার মধ্যে থেকে একটি ধারনা হলো উপজেলা পর্যায়ে ল্যাবরেটরি স্থাপন করা। এই কাজটি বর্তমানে কেন্দ্রীয় মান-নিয়ন্ত্রণ ইউনিট থেকে বাস্তবায়নের উদ্যোগ নেওয়া হয়েছে। এই সেবাকে সেবা সহজিকরণের একটি উদ্ভাবনী ধারণা হিসেবে দেখানো যেতে পারে।<br><br>সহকারী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা সেল) জনাব তানজিলা ইসলাম বলেন যে, এলজিইডির সকল স্তরের কর্মকর্তাদের এখন PMIS Software এ তথ্য হালনাগাদ করা বাধ্যতামূলক। বর্তমানে সকল প্রকার বদলী সংক্রান্ত কাজ এই Software ব্যবহার করা হচ্ছে। এই Software এ অডিট সংক্রান্ত তথ্য রাখার ব্যবস্থা আছে। কিন্তু বর্তমানে Software এ সংক্রান্ত কোন তথ্য হালনাগাদ করা হয়নি। এই তথ্য হালনাগাদ করা গেলে এই সেবাকে সেবা সহজিকরণের একটি উদ্ভাবনী ধারণা হিসেবে দেখানো যেতে পারে।<br><br>প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) জনাব মোঃ আমিরুল ইসলাম খান বলেন যে, এলজিইডির বিভিন্ন জেলা, উপজেলা ও প্রকল্পে কর্মরত কর্মকর্তাদের কাছে বিভিন্ন সময়ে নানা ধরনের লোক আসে যার সেবা নিতে চায়। তাই সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণার জন্য এলজিইডির সকল স্তরের কর্মকর্তাদের কাছে চিঠি পাঠানো যেতে পারে।<br><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, দুই (০২) টি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণা এখনই পাওয়া গেছে। তবে যেহেতু বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা ও প্রকল্পে কর্মরত কর্মকর্তারা আসলে মাঠ পর্যায়ে নানা কাজ করে থাকে তাদের এই বিষয়ে অভিজ্ঞতা অনেক। তাই তাদের কাছে থেকে উদ্ভাবনী ধারণার জন্য চিঠি পাঠানো যেতে পারে।<br><br>এর প্রেক্ষিত তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এই সভায় প্রাপ্ত দুই (০২) টি সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণাকে প্রাথমিক ধারনা হিসেবে চিহ্নিত এবং বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা ও প্রকল্পে কর্মরত কর্মকর্তাদের কাছে সেবা | ২.২। বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা ও প্রকল্পে কর্মরত কর্মকর্তাদের কাছে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণার জন্য চিঠি পাঠানোর উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | সহজিকরণ/ডিজিটাইজেশনের জন্য উদ্ভাবনী ধারণার জন্য চিঠি পাঠানোর ব্যাপারে প্রস্তাব দেন। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করে। | | |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত</u><br>এই ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার জানতে চাইলে সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) জানান যে, বর্তমানে একটি Mircosoft Excel Sheet এ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি করা আছে। এর প্রেক্ষিতে সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মুল্যায়ন শাখা) বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও মূল্যায়ন নির্দেশিকাতে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছকে এই ডাটাবেজ প্রস্তুত করতে হবে।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি করতে হবে এবং এই ডাটাবেজটি এলজিইডি'র ওয়েবসাইটে প্রকাশ করার প্রস্তাব দেন। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করে। | ২.৩। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ তৈরি এবং ডাটাবেজটি এলজিইডি'র ওয়েবসাইটে প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম ও আইসিটি ইউনিট |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত</u><br>এই বিষয়ে সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) জানান যে, ইতঃপূর্বে যে সকল বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ তৈরি করা হয়েছে সেগুলোর মধ্যে চালুকৃত সেবাসমূহের প্রত্যয়নপত্র আছে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক তৈরিকৃত নিদিষ্ট ছকে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ যে সময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে ওই সময়ে সকল চালুকৃত সেবাসমূহের প্রত্যয়নপত্রও ওয়েবসাইটে প্রকাশ করার প্রস্তাব দেন। ইনোভেশন টিমের সকল সদস্য এই প্রস্তাবে একমত পোষণ করে। | ২.৪। ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার প্রত্যয়নপত্রও ওয়েবসাইটে প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম ও আইসিটি ইউনিট |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [১.৩.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত</u><br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক '১.৩.১- ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত' অবস্থা সম্পর্কে জানতে চাইলে সিনিয়র সহকারী প্রকৌশলী (মনিটরিং ও মুল্যায়ন শাখা) জনাব সোহানা পারভীন জানান যে, ই-নথি ব্যবহারের ক্ষেত্রে আমরা এখনও লক্ষ্যমাত্রা অর্জন করতে পারিনি। আমাদের ই-নথির ব্যবহার বাড়ানো প্রয়োজন। এক্ষেত্রে, মোঃ আমিরুল ইসলাম খান, প্রকল্প পরিচালক (জিডিপি-৩) মতামত দেন যে, ফাইলের ক্যাটাগরি ভাগ করে দেয়া যেতে পারে বিশেষ করে যেসকল ফাইলে সংযুক্তি কম এবং আকারে ছোট সেসকল ফাইলে ই-নথিতে নিস্পত্তি করা যেতে পারে। এর প্রেক্ষিতে রকিবুল হাসান, সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি | ২.৫। ফাইলের ক্যাটাগরি নির্ধারণপূর্বক ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে চিঠি প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিম ও আইসিটি ইউনিট |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | ইউনিট) জানান যে, ইতোমধ্যে ই-নথিতে নিস্পত্তি করার জন্য ফাইলের সাতটি ক্যাটাগরি নির্ধারণ করা আছে যা পুনরায় পর্যালোচনা করে প্রধান প্রকৌশলী মহোদয়ের সম্মতিতে নির্ধারণপূর্বক ই-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে চিঠি প্রেরণ করা যেতে পারে মর্মে টিমের সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | | |
| | | কর্মসম্পাদন সূচক – [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণীত<br>৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রনীতঃ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এই বিষয়ে কমিটির মতামত জানতে চাইলে নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বিগত ২০২১-২২ অর্থ-বছরের APA তে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের ব্যাপারে নির্দেশনা ছিলো, সে মোতাবেক বিগত অর্থ-বছরে এলজিইডিতে ০৩ (তিন) টি কর্মশালা আয়োজন করা হয়েছিলো যেখানে এলজিইডির ৬০ (ষাট) জন প্রকৌশলী অংশগ্রহণ করেছিলেন। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য প্রশিক্ষণপ্রাপ্ত ৬০ (ষাট) জনের মধ্যে থেকে ৫-১০ জনকে নির্বাচন করে একটা কমিটি গঠন করা যেতে পারে মর্মে টিমের সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | ২.৬। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য ৫-১০ জনের একটি গঠন করতে হবে। কমিটি | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| | | কর্মসম্পাদন সূচক – [১.৪.২] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা অয়োজিত<br>নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) মতামত দেন যে, ২০২২-২৩ অর্থ-বছরের APA তে ০২ (দুই) টি কর্মশালা আয়োজনের ব্যাপারে নির্দেশনা আছে। সে মোতাবেক কর্মশালা আয়োজনের নিমিত্তে এলজিইডির কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলোচনা করে সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে কর্মশালা সঙ্ক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে মর্মে টিমের সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | ২.৭। সেপ্টেম্বর,২০২২ এর মধ্যে কর্মশালা সঙ্ক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |
| | | ই কর্মসম্পাদন সূচক – [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে)<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এই বিষয়ে জানতে চাইলে সিনিয়র সহকারী প্রকৌশলী (আইসিটি ইউনিট) জানান যে, আইসিটি ইউনিট নিয়মিত তথ্য বাতায়ন হালনাগাদ করে থাকে। | ২.৮। আইসিটি ইউনিটের তথ্য বাতায়ন হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও আইসিটি ইউনিট |
| | | কর্মসম্পাদন সূচক – [২.২.১] কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত<br>ইনোভেশন টিমের সদস্যগণ এলজিইডির কেন্দ্রীয় প্রশিক্ষণ ইউনিটের সাথে আলোচনা করে সেপ্টেম্বর, ২০২২ এর মধ্যে প্রশিক্ষণ সঙ্ক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের ব্যাপারে একমত পোষণ করেন। | ২.৯।সেপ্টেম্বর,২০২২ এর মধ্যে প্রশিক্ষণ সঙ্ক্রান্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |
| | | কর্মসম্পাদন সূচক – [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত<br>এ ব্যাপারে নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান ব্যবস্থাপনা) জানান যে, বর্তমান অর্থ-বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কর্মসম্পাদনের জন্য কোনো অর্থ বরাদ্দ পাওয়া | ২.১০। উন্নয়ন খাতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত উপখাতে বরাদ্দকৃত অর্থ থেকে | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | যায়নি। কমিটির অন্যান্য সদস্যগণ মতামত দেন যে, উন্নয়ন খাতে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কার্যক্রমের সাথে সম্পৃক্ত উপখাতে বরাদ্দকৃত অর্থ থেকে খরচের ব্যাপারে প্রধান প্রকৌশলী বরাবর চাহিদা প্রেরণ করা যেতে পারে মর্মে টিমের সদস্যবৃন্দ একমত পোষণ করেন। | খরচের ব্যাপারে চাহিদা প্রনয়ণপূর্বক প্রধান প্রকৌশলী বরাবর প্রেরণ করতে হবে। | |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [২.২.৩] কর্মপরিকল্পনা অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত</u><br>২০২২-২৩ অর্থ-বছরের APA তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা থাকলেও ইনোভেশন টিমের সদস্যগণ ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যাপারে মতামত দেন। | ২.১১। ০৭/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [২.২.৪] আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত</u><br>২০২২-২৩ অর্থ-বছরের APA তে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন ৩১/০১/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের নির্দেশনা থাকলেও ইনোভেশন টিমের সদস্যগণ ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যাপারে মতামত দেন। | ২.১২। ২৫/০১/২০২৩ তারিখের মধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্বমূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন অফিসার ও সদস্য-সচিব, ইনোভেশন টিম |
| | | <u>কর্মসম্পাদন সূচক – [২.২.৫] দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত</u><br>২০২২-২৩ অর্থ-বছরের APA তে ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নির্দেশনা থাকলেও ইনোভেশন টিমের সদস্যগণ ৩১/১২/২০২২ তারিখের মধ্যে দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের উদ্যোগ গ্রহণের ব্যাপারে মতামত দেন। | ২.১৩। ৩১/১২/২০২২ তারিখের মধ্যে দেশ/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ইনোভেশন টিম |
| ৩. | বিবিধ | প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) জানান যে, গাজীপুরের নির্বাহী প্রকৌশলী থাকাকালীন সময়ে তিনি অফিসের কাজকর্ম সহজিকরণের লক্ষ্যে একটি Office Automation Software তৈরি করেছিলেন। গাজীপুরে একটা সময়ে এই Software ব্যবহার করা হলেও পরবর্তীতে এই Software ব্যবহার করা হচ্ছে না। এছাড়া মাঠ পর্যায়ে সহজে পূর্তকাজ সম্পাদনের জন্য আরো কিছু Construction Innovative Technology পদ্ধতি আছে যার মাধ্যমে কাজগুলো দ্রুততম সময়ে ও সঠিক মান-নিয়ন্ত্রণ নিশ্চিত করে বাস্তবায়ন করা সম্ভব হবে। প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) আগামী সভায় এই সম্পর্কিত একটি উপস্থাপনা দেওয়ার জন্য আগ্রহ প্রকাশ করেন।<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার বলেন যে, এই ধরণের কাজ সম্পর্কে জানতে পারলে ভবিষ্যতে এলজিইডি'তে এর ব্যবহার শুরু করার ব্যাপারে একটি | ৩. প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) আগামী সভায় ইনোভেটিভ কাজ সম্পর্কিত একটি উপস্থাপনা প্রদান করবে। | জনাব মোঃ আমিরুল ইসলাম খান প্রকল্প পরিচালক, (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) |

| ক্রম নং | এজেন্ডা | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|---|---|
| | | কর্মপরিকল্পনা করা যেতে পারে। এর প্রেক্ষিতে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা) ও ইনোভেশন অফিসার এই ধরণের ইনোভেটিভ কাজ সম্পর্কে ইনোভেশন টিমকে জানানোর জন্য আগামী সভায় এই সম্পর্কিত একটি উপস্থাপনা দেওয়ার জন্য প্রকল্প পরিচালক (বৃহত্তর ঢাকা গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্প-৩) কে অনুমতি প্রদান করেন। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

২২/০৭/২২

(প্রকাশ চন্দ্র বিশ্বাস)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও গবেষণা)
ও ইনোভেশন অফিসার
ফোন: ০২-৪৪৮২৬২২২
ই-মেইল: se.planning@lged.gov.bd

অনুলিপি:

১। প্রধান প্রকৌশলী, এলজিইডি।

বিতরণ:

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ..........................................................................................., এলজিইডি, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ..........................................................................................., এলজিইডি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, ..........................................................................................., এলজিইডি, ঢাকা।
৪। উপ-প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, প্রকল্প/ইউনিট ..........................................................................।
৫। সিনিয়র সহকারী প্রকৌশলী, এলজিইডি, প্রকল্প/ইউনিট - ..........................................................................।
৬। সহকারী প্রকৌশলী, এলজিইডি, প্রকল্প/ইউনিট - ..........................................................................।

4.7.22

(মোঃ মাহবুব আলম)
নির্বাহী প্রকৌশলী (গবেষণা, ইনোভেশন ও জ্ঞান
ব্যবস্থাপনা সেল) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম
ফোন: ০১৭১৩-৭৮৩৪২৫
ই-মেইল: xen.rikm@lged.gov.bd

# Attendance Sheet

এলজিইডি'র ইনোভেশন টিমের সভা

Venue: LGED Bhaban, Level-06, Agargaon, Dhaka.
Date: 18-07-2022 Time: 03.00 PM

| ক্র: নং | নাম,পদবী ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | প্রকাশ চন্দ্র বিশ্বাস<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রোগ্রা: ৩ বিভাগ) | 01711958894 | 18.07.22 |
| ০২। | নূরজাহান<br>XEN, ICT | ০১৭১১৫০৬৯৭৬<br>nurjahan_1968@yahoo.com | ১৮/09/2022 |
| ০৩। | মো: আমিনুল ইসলাম খান<br>প্রকল্প পরিচালক<br>GDP-3 | 01711683290 | ১৮/7/2022 |
| ০৪। | | | |
| ০৫। | মোহাম্মদ শফিউল্লাহ<br>নির্বাহী প্রকৌশলী<br>(পরিকল্পনা) | 01727417757<br>shafiullah@lged.gov.bd | 18/07/22 |
| ০৬। | রকিবুল হাসান<br>Sr.AE (ICT) | 01717813918<br>rokib.ce@gmail.com | ১৮/7/22 |
| ০৭। | মোহানা-শারমীন<br>Sr. AE (MEE) | 01775986882 | 18/07/22 |
| ০৮। | মো: মাহমুদ হোসাইন<br>XEN, RIKM | 01713283425 | 18.7.22 |

| ক্র: নং | নাম,পদবী ও দপ্তর | মোবাইল ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০৯। | তানজিলা ইসলাম<br>সহকারী প্রকৌশলী-<br>গবেষণা, ইনোভেশন ও জ্ঞান<br>ব্যবস্থাপনা সেল, এলজিইডি | 01913452836<br>tanzila.emon@gmail.com | Tanzila<br>18.07.22 |
| ১০। | মো: আবু রায়হান<br>সহকারী প্রকৌশলী<br>গবেষণা, ইনোভেশন ও জ্ঞান<br>ব্যবস্থাপনা সেল. | 01674931২68<br>aarifraihan049<br>@gmail.com | Rif<br>18.07.২২ |
| ১১। | | | |
| ১২। | | | |
| ১৩। | | | |
| ১৪। | | | |
| ১৫। | | | |
| ১৬। | | | |
| ১৭। | | | |